আলমডাঙ্গার বন্ডবিলে নৌকা প্রতিকের মিছিল ও পথসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা পৌর এলাকার ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনি মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে উপজেলা, পৌর ও ওয়ার্ড আওয়ামীলীগের নেতা-কর্মীরা ওই মিছিল ও পথসভায় অংশগ্রহণ করে।

মিছিল ও পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস।

৯নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শহিদ মোল্লার সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সিনিয়র সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, ক্রিয়া সম্পাদক টুটুল, কেন্দ্রীয় কৃষকের দপ্তর সম্পাদক নাজমুল হক পানু, উপজেলা কৃষকলীগের সভাপতি আজিজুল হক, পৌর আওয়ামীলীগের দপ্তর সম্পাদক চপল মুন্সী, সাবেক পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, টিংকু মোল্লা, মাহফুজুর রহমান লিমন মোল্লা, নুরুন্নবী, আকবার আলী, বাক্কা, সাফায়ত হোসেন, আব্দুল্লাহ আল মামুন, ওয়ার্ড যুবলীগের সাধারন সম্পাদক সেলিম রেজা, মিছিল ও পথসভায় সঞ্চালনা করেন সাবেক কাউন্সিলর ও পৌর যুবলীগের যুবকের যুগ্নআহবায়ক মামুনুর রশিদ হাসান।

মিছিল ও পথসভায় নেতৃবৃন্দরা বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার কোন বিকল্প নেই। নৌকা মানেই উন্নয়ন। এই উন্নয়নকে ধরে রাখতে আবারো সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনকে নৌকায় ভোট দিয়ে নির্বাচিত করতে হবে।

আলমডাঙ্গায় অবৈধভাবে মাটি কেটে বিক্রয়, ব্যবসায়ীকে জরিমানা

আলমডাঙ্গায় খননযন্ত্র (এক্সকাভেটর) দিয়ে অবৈধভাবে মাটি কেটে বিক্রি করার অপরাধে এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ শুক্রবার দুপুর ১ টার দিকে উপজেলার কুমারী ইউনিয়নের যাদবপুর নামক জায়গায় এই অভিযান চালানো হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ। ওই এক্সকাভেটরের মালিক মাটি ব্যবসায়ী হাবিবুর রহমান রঞ্জু। সে একই ইউনিয়নের কুমারী গ্রামের ফারাজি পাড়ার শহিদুলের ছেলে।

এলাকাবাসী ও ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, উপজেলার কুমারী ইউনিয়নের যাদবপুর গ্রামে গত ১ সপ্তাহ যাবৎ ধান চাষের জমিতে পুকুর খননের নামে অবৈধভাবে এক্সকাভেটর দিয়ে মাটি কেটে বিভিন্ন ইট ভাটায় বিক্রি করে আসছিলেন। এভাবে মাটি কাটায় আশপাশের বেশ কয়েকটি ফসলি জমি হুমকির মুখে পড়ে। এর পরিপ্রেক্ষিতে এলাকাবাসী সহকারী কমিশনার (ভূমি)র কাছে মৌখিক অভিযোগ দেন। এর ভিত্তিতে শুক্রবার দুপুর ১ টার দিকে সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ সরেজমিনে গিয়ে অভিযোগের সত্যতা পান। এ সময় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এক্সকাভেটরের মালিক হাবিবুর রহমান রঞ্জুকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে এক্সকাভেটর তুলে ফেলা হয় ।

সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ জানান, জরিমানার পাশাপাশি এক্সকাভেটরের মালিককে সতর্ক করে দেওয়া হয়েছে।

আলমডাঙ্গায় স্বতন্ত্র প্রার্থী এম.এ রাজ্জাক খানের পথসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা-১ আসনে জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র ফ্রিজ প্রতিকের প্রার্থী বিশিষ্ট শিল্পপতি আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ (সিআইপি)র নির্বাচনি পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার রাত সাড়ে ৮ টার দিকে পৌর ওয়াবদা এলাকার আল-ইকরা ক্যাডেট একাডেমি স্কুল প্রাঙ্গণে এ পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী এম.এ রাজ্জাক খান রাজ।

আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালামের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ও বাংলাদেশ ইউনিয়ন পরিষদ মেম্বার এ্যাসোসিয়েশনের আহবায়ক মজনুর রহমান জান্টু, আলমডাঙ্গা বাড়াদি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু তালেব। মেম্বার এ্যাসোসিয়েশনের যুগ্নআহবায়ক লিটন মোল্লা, রফিকুল ইসলাম বাবু, সামাদ খাঁন, জাহাঙ্গীর খাঁন, বনিক সমিতির সাবেক সহ-সভাপতি সাইফুল ইসলাম, রেজাউল হক, লাবলু চৌধুরি।

এসময় বক্তব্য রাখেন, – মেম্বার রাজন, মাসুদা পারভিন, নজরুল ইসলাম, সাবিনা ইয়াসমিন, আলমঙ্গীর হোসেন, ঠান্টু রহমান, রংপতি বেগম, ওহিদুল ইসলাম, রেহানা খাতুন, ইদ্রিস আলী, নাসিমা খাতুন, মনিরুজ্জামান, মানারুল ইসলাম, নজরুল ইসলাম, জাহানারা খাতুন, রোকসানা খাতুন, ববিতা খাতুন ও ডাউকি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান লাভলু ইসলাম প্রমুখ।

সারারাত স্ত্রীর লাশ পাহারা, সকালে পুলিশকে জানায় সে আত্নহত্যা করেছে

আলমডাঙ্গা উপজেলায় খাদিজা খাতুন নামের এক গৃহবধূকে গলায় ফাঁস লাগিয়ে ‘হত্যার’ অভিযোগে স্বামী আলম হোসেনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ। আজ বুধবার মধ্যরাতে পৌর এলাকার কলেজপাড়ায় এ ঘটনা ঘটে। তার তথ্যে সকালে ঘটনাস্থলে উপস্থিত হয়ে ময়নাতদন্তের জন্য ওই গৃহবধূর লাশ উদ্ধার করে পুলিশ।

এর আগে, সকালে খবর পেয়ে আলমডাঙ্গা থানার একদল পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে নিহতের পরিবারের সদস্যরা পুলিশের উপর চড়াও হয়। পরে থানার ওসিসহ অতিরিক্ত ফোর্স ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়।

নিহত গৃহবধূ খাদিজা খাতুন (২৭) সে উপজেলার হারদি ইউনিয়নের কৃষি-ক্লাব পাড়ার ভিকু মিয়ার মেয়ে। অভিযুক্ত স্বামী আলম হোসেন (৩২) একই উপজেলার কালিদাসপুর ইউনিয়নের মোনাকষা গ্রামের আব্দুল আজিজের ছেলে।

স্থানীয়রা জানান, ১ বছর আগে প্রেমে জড়িয়ে খাদিজা-আলমের বিয়ে হয়। এটা দুজনেরই তৃতীয় বিয়ে। খাদিজা তার স্বামীর সঙ্গে পৌর এলাকার কলেজপাড়া এলাকায় ভাড়া বাসায় থাকতেন। বুধবার দিবাগত রাতে নিহত খাদিজার স্বামী তাকে মারপিট করে গলাঁয় ফাঁস লাগিয়ে রুমের জানালার গ্রিলে ঝুঁলিয়ে রাখে। সারারাত লাশ পাহারা দিয়ে ভোরে প্রতিবেশীদের জানায়, তার স্ত্রী গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করেছে। তারপর সে নিজেই থানায় উপস্থিত হয়ে স্ত্রীর আত্নহত্যার ঘটনাটি জানায় পুলিশকে।

নিহতের ভাই আব্দুস সামাদ অভিযোগ করে বলেন, তার বোনকে এর আগেও আলম ও তার পরিবারের লোকজন যৌতুকের জন্য নির্যাতন করেছিলেন। এমন ঘটনার পরই গত দু’মাস কলেজপাড়ার একটি বাসা ভাড়া নিয়ে দুজনে বসবাস করত। এবার তার বোনকে গলায় ফাঁস লাগিয়ে মেরে ফেলা হয়েছে।

নিহতের মা আশুরা বেগম অভিযোগ করে বলেন, আমার মেয়ে দুই মাসের অন্তঃসত্তা ছিল। প্রথম পক্ষের মেয়ের বয়স যখন পাঁচ মাস তখন

ডিভোর্স হয়। গত এক বছর আগে আলমের সঙ্গে বিবাহ হয় খাদিজার। বিয়ের পর থেকে ছোটখাটো বিষয়ে মেয়েকে মারধর করতো স্বামী আলম ও তার পরিবারের সদস্যরা। আজ রাতে যে কোন সময় তাকে হত্যা করে ঝুলিয়ে রেখেছে তারা। আমি সুষ্ঠ বিচার চাই।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গনি মিয়া বলেন, সকালে আলম নিজেই আমাদেরকে জানান, তার স্ত্রী আত্মহত্যা করেছেন। আমরা ঘটনাস্থলে পৌঁছে খাদিজার ঝুলন্ত মরদেহ উদ্ধার করি। প্রাথমিক ধারণা তিনি আত্মহত্যা করেছেন। ময়নাতদন্তের পর জানা যাবে হত্যা নাকি আত্মহত্যা।

আলমডাঙ্গায় ফসলের জমিতে মাটি কেটে ইট ভাটায় বিক্রয়ের অভিযোগ

আলমডাঙ্গার যাদবপুরে ফসলি জমির মাটি কেটে ইটভাটায় বিক্রির অভিযোগ উঠেছে মাটি খাদক রঞ্জুর বিরুদ্ধে। অভিযোগ রয়েছে কৃষককে মাছ চাষে উদ্বুদ্ধ করার নামে মাটি নেওয়ার উদ্দেশ্য হাসিলেরও।

তবে নগদ টাকা পেতে অনেক কৃষক স্বেচ্ছায় মাটি বিক্রি করছেন বলেও জানা গেছে। এভাবে কৃষিজমির উপরিভাগের মাটি কাটায় জমির উর্বরতা কমে যাচ্ছে। এসব মাটি পরিবহনে ব্যবহৃত ট্রাক্টর ও লাটাহাম্বা গাড়িগুলো সদ্য নির্মিত গ্রামাঞ্চলের সড়ক ও আঞ্চলিক সড়কগুলোতে দ্রুত গতিতে যাতায়াত করায় মৃত্যু ফাঁদে পরিণত হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলায় কুমারী ইউনিয়নে ৩ টি ইটভাটা রয়েছে। মৌসুমে তিনটি ইট ভাটায় কয়েক লাখ ঘন মিটার মাটির প্রয়োজন হয়। এসব মাটির চাহিদা পূরণে দীর্ঘদিন মাটি ব্যবসায়ী রঞ্জু পরিত্যক্ত পুকুর ও সালিন জমিতে খনন করে মাটি মোটা অংকের অর্থের বিনিময়ে ইট ভাটায় বিক্রি করেন। বিভিন্ন সময় উপজলা প্রশাসন জরিমানা করলেও পূণরায় আবারো তিনি মাটি ব্যবসায় জরিয়ে পড়েন। ইতোমধ্যে গত কয়েকদিন আগে ভূমি দস্যু রঞ্জু উপজেলার কুমারী

ইউনিয়নের যাদবপুর গ্রামের হাজী মঙ্গল বিশ্বাসের ছেলে আকুব্বার বিশ্বাসের সালিন ধান চাষের জমিতে পুকুর খননের নামে মাটি কেটে ভাটায় বিক্রি করছে। এছাড়া গাড়িতে মাটি পরিবহনের নামে রাস্তায় ধুলা-কাঁদা মাটিতে সড়কে যাতায়াতের অযোগ্য হয়ে উঠছে। আশেপাশের বাড়িতে ধুলা-বালির কারণে বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। বসতবাড়িতে থাকা ছোট শিশুরাও দুর্ঘটনার আশঙ্কায় রয়েছে।

এ বিষয়ে মাটি ব্যবসায়ী রঞ্জুর সাথে মোবাইলে কথা হলে তিনি জানান, মাটি কাটার বিষয়ে প্রশাসনের পক্ষ থেকে কোন অনুমতি নেওয়া হয়নি। তবে মাটি কেটে ইট ভাটায় বিক্রির সত্যতা নিশ্চিত করেন।

আলমডাঙ্গায় ঈগল প্রতীকের প্রার্থীর বাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার ১

আলমডাঙ্গার হাটবোয়ালিয়ায় স্বতন্ত্র ঈগল প্রতীকের প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার এক কর্মীর বাড়িতে হামলার ঘটনায় রতন আলী
(৩২) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ সোমবার সকাল ১১ টার দিকে হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত রতন আলী উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের হাটুভাঙা গ্রামের বাবলুর রহমানের ছেলে।

স্থানীয়রা জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ঈগল প্রতীকের পক্ষে কাজ করেন আমীর আলী তার ছেলে লিটন আলী। গত রবিবার রাতে আওয়ামীলীগের নৌকা প্রতিক প্রার্থীর কর্মীরা ১৫-২০ মোটরসাইকেল শো-ডাউন নিয়ে মিছিল করেন। ওই মিছিলে থাকা লোকজন লিটনের বাড়িতে অতর্কিত ভাবে হামলা চালায়। এতে বাড়ির বিভিন্ন জায়গায় হামলা চালালেও বাড়িতে থাকা আলমসাধু গাড়ি ভেঙে ক্ষয়ক্ষতি করেন। ওই ঘটনায় এলাকাজুড়ে থমথমে বিরাজ করে। রবিবার রাতেই লিটন আলী বাদি হয়ে জিনারুল বিশ্বাসসহ ১৬ জনের নাম উল্লেখ করে ৮০-৯০ জনের বিরুদ্ধে মামলা করেন। ওই মামলায় গতকাল সোমবার সকাল ১১ টার রতন আলী নামে

নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া জানান, লিটন আলী নামের এক যুবক বাদি হয়ে ১৬ জনের নাম উল্লেখ করে মামলা করেছে। এজাহারীয় আসামী রতন আলী নামের নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে চুয়াডাঙ্গা আদালতে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমানের গণসংযোগ

দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমান (পিএসসি,অব.) আসন্ন সংসদ নির্বাচন বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। তিনি আজ সোমবার বেলা ১২ টার দিকে আলমডাঙ্গায় তার নির্বাচনী কার্যালয়ে এ মতবিনিময় করেন।

মত বিনিময়কালে এমপি প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমান (পিএসসি,অব.) বলেন,আমি এই আলমডাঙ্গার সন্তান। আমি নেভীতে চাকরী করতাম। জীবনে কোনদিন কোন দুর্নীতি বা অনিয়মের সাথে জড়িত ছিলাম না।
আমি জোর গলায় বলতে পারি। আল্লাহ:র নাম নিয়ে বলছি আমার শরীরে অন্যায়ের উপার্জনের এক বিন্দু রক্তও নেই। কারণ আমি সারা জীবন সমুদ্রে সমুদ্রে কাটিয়েছি। শ্রীলংকা থেকে বম্বে,বম্বে থেকে সৌদী আরব,সৌদী আরব থেকে দুবাই, ইংল্যান্ড,আমেরিকা ঘুরেছি। সেখানে তো কেউ ঘুষ দিতে যায়নি। সে কারণে আমি বলতে পারি, আমার শরীরে কোন অন্যায় উপার্জনের টাকা নেই। আমি এই অবহেলিত আলমডাঙ্গার উন্নয়নের জন্য আসন্ন নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে ট্রাক প্রতিকে ভোট কামনা করছি। যদি আমি নির্বাচিত হই,তাহলে অবহেলিত এই আলমডাঙ্গার উন্নয়নে কাজ করবো। আপনারা সৎ এবং যোগ্য প্রার্থী বিবেচনা করে আপনার মূল্যবান ভোটটি দিবেন।

দীর্ঘ ৩৫ বছর আলমডাঙ্গা শোষন নিপীড়নের শিকার। এই শোষন নিপীড়নের জবাব দিতে আলমডাঙ্গা থেকে একজনকে এমপি নির্বাচিত করে আনতেই হবে আপনাদের।

এর পূর্বে তিনি বিভিন্ন এলাকায় গণ সংযোগ করেন। গণ সংযোগকালে উপস্থিত ছিলেন সাবেক সেনা সদস্য আব্দুল্লাহ, নজরুল ইসলাম,আশরাফুল ইসলাম বকুল,আসিফ আলী, হাসানুজ্জামান,রেহেনা খাতুন,সিদ্দিকা খাতুন,আলমগীর হোসেন,লিটু খন্দকার,রাসেল মুন্সি,রবিউল ইসলাম প্রমুখ।

আলমডাঙ্গায় নির্বাচনী মিছিল ও পথসভায় এমপি-ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির নির্বাচনী মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে এক নির্বাচনী গণ-মিছিল বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এর আগে-বিকেল ৩ টা থেকে উপজেলার বিভিন্ন ইউনিয়ন, পৌর এলাকার ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা দলে দলে মিছিলে অংশ গ্রহন করেন। শহর জুড়ে নৌকার স্লোগানে মুখরিত হয়ে ওঠে।

নির্বাচনী মিছিলটি পায়ে হেটে পৌর শহরের আলতায়েবা মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় হাজার হাজার নেতাকর্মীদের উপস্থিতিতে জনসভায় পরিণত হয়। পথসভা অনুষ্ঠানে আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা বক্তব্য রাখেন। এসময় পথসভায় অংশ নেন চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের নৌকা প্রতিকের প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

নির্বাচনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, `আজকের এই পথসভা জনসমুদ্রে পরিণত

হয়েছে। বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার জনগণ আজকে আওয়ামীলীগের নৌকা ও শেখ হাসিনার উপর সমর্থন আছে এটা আলমডাঙ্গাবাসী বুঝিয়ে দিতে সক্ষম হয়েছে। এ পথসভা , গত কয়েকদিন আগে দু-পাঁচটি লোক নিয়ে একটি মিছিল করেছিলো। তাদের উদ্দেশ্যে বলি – দেখে যান, এমপি নির্বাচন কিভাবে করতে হয়। তাদের বলি আপনারা দেখেন, বোঝেন, শেখেন এবং সঠিক লাইনে চলার চিন্তা করেন।

চুয়াডাঙ্গা-১ আসনে (চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা) সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গা আওয়ামীলীগের উদ্যোগে নির্বাচনী পথসভায় আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে তিনি আরো বলেন, আপনাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি এটাই প্রমাণ করে বাংলাদেশ আওয়ামীলীগ এখনো ঘরের আনাচেকানাচে কর্মী ভরা। তারা বঙ্গবন্ধুর আদর্শে বির্শ্বাসী, শেখ হাসিনার প্রতি আস্তা রয়েছে। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিলো, কিন্তু বঙ্গবন্ধু ঘাতকদের বুলেটের আঘাতে হত্যা হয়েছিল। বঙ্গবন্ধু তার স্বপ্ন পূরণ করতে পারে নাই। তার সুযোগ্য কণ্যার প্রচেষ্টায় বাংলাদেশে উন্নয়নের জোয়ার বইছে। এমন কোন জায়গায় নেই সেখানে উন্নয়নের ছোঁয়া লাগেনি। আমরা যদি চিন্তা করি, নির্জন মাঠের খেতের সাথে ট্রাক ভিড়িয়ে কপি লোড দিচ্ছে। তবে বুঝতে হবে দেশ কতটা এগিয়ে গেছে। শেখ হাসিনার যোগাযোগব্যবস্থা ও ইলেকট্রি সিটি এমন কোন জায়গা নাই সেখানে পৌঁছাই নাই। সরকার এখন দেশে ৫১ রকমের ভাতা দিচ্ছে শেখ হাসিনা সরকার।

ছেলুন জোয়ার্দ্দার এমপি উপস্থিতি নারীদের উদ্দেশ্যে বলেন, আপনারা বিভিন্ন ভাতা পাচ্ছেন। বিএনপি ক্ষমতায় এলে আপনাদের ভাতা বন্ধ করে দিবে। আপনাদের উপস্থিতি আমাকে মুগ্ধ করেছে। আপনাদের উপস্থিতে আমার উৎসাহ, উদ্দীপনা বেড়ে গেলো।

নির্বাচনি মিছিল ও পথসভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি প্রশান্ত অধিকারী,সাবেক সাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, জেলা জাসদের সভাপতি ও পৌর মেয়র এম.সবেদ আলী, সাবেক নির্বাহী সদস্য শাহ আলম, চুয়াডাঙ্গা সদর পৌর সভাপতি আলাউদ্দিন হেলা, সম্পাদক আব্দুল কাদের।

আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা

আওয়ামীলীগের সহ- সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, ঠান্ডু মিয়া, জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দার, সাবেক হারদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম নুরু, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ডা.অমল কুমার বিশ্বাস, সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, মাসুদ রানা তুহিন, দপ্তর সম্পাদক মাসুদ সালেহিন উৎপল, ইউপি চেয়ারম্যান আশিকুর রহমান ওল্টু, আবু সাইদ পিন্টু, আশাদুল হক মিকা, মুন্সি ইমদাদুল হক, হাসানুজ্জামান সরোয়ার, মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাস, এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, তরিকুল ইসলাম, মাহমুদুল হাসান চঞ্চল, সোহানুর রহমান সোহান, বাড়াদী ইউনিয়ন সভাপতি মকবুল হোসেন, জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি দিদার আলী, সম্পাদক রাহাব আলী, কালিদাশপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, জেহালার সভাপতি হাসানুজ্জামান হান্নান, সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার, আব্দুল মালেক, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু, সম্পাদক বিল্লাল হোসেন, কুমারি ইউনিয়ন সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, সম্পাদক আব্দুর রাজ্জাক, বাড়াদীর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেন, সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, সদস্য মনিরুজ্জামান হিটু, নেছার আহমেদ প্রিন্স, পৌর যুবলীগের আসাদুল হক ডিটু, যুগ্ম সম্পাদক জাহিদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি অনিক জোয়ার্দার, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার সামিম, সোহেল রানা শাহিন, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, সাকিব, অটল, রকি, প্রমুখ।

আলমডাঙ্গার ১ নং ওয়ার্ডে নৌকার মিছিল ও পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বিচনে চুয়াডাঙ্গা-১ আসনের প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকা প্রতিকের পক্ষে আলমডাঙ্গায় নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সন্ধ্যায় পৌরসভার ১নং ওয়ার্ডের স্টেশন এলাকায় এ পথসভা অনুষ্ঠিত হয়। ১নং ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে অনুষ্ঠিত নৌকা প্রতিকের এ পথসভার পূর্বে বিকেল সাড়ে ৫ টার দিকে একটি নির্বাচনি মিছিল এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় বক্তাগণ বলেন,নৌকা হলো উন্নয়ন ও অগ্রগতির প্রতিক। নৌকা বিজয়ী হলেই দেশের উন্নয়ন হয়। আজকে এই ১৫ বছরে আওয়ামীলীগ সরকার দেশে যে উন্নয়ন করেছে,তা আপনাদের কারো অজানা নয়। উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে আবারও নৌকায় ভোট দিতে হবে। ছেলুন জোয়ার্দ্দারকে বিজয়ী করে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।

১নং ওয়ার্ডের কাউন্সিলর উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিনের সভাপতিত্বে বক্তব্য রাখেন ৩ নং ওয়ার্ড কাউন্সিলর ও সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম স্বপন, গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক সামসুল ইসলাম সামু, দপ্তর সম্পাদক রিপন, চিৎলা ইউনিয়ন যুবলীগ নেতা টিটু, উপজেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক রিমন, প্রচার সম্পাদক আলো, ছাত্রলীগ নেতা শান্ত, জিংকু, সৌরভ, রাজন, পিয়াস, তোতা, দেলোয়ার হোসেন, মামুন, শাহিন প্রমুখ।

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে ঈগল প্রতীকের মিছিল ও পথসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা-১ আসনে জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গার মুন্সিগঞ্জে স্বতন্ত্র ঈগল প্রতীক প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার নির্বাচনি মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে উপজেলার মুন্সিগঞ্জ মদনবাবুর মোড় থেকে জেহালার হাসপাতাল মোড় পর্যন্ত নির্বাচনি ঈগল প্রতীকের মিছিল করেন নেতা-কর্মীরা। মিছিলটি বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মদনবাবুর মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় নেতা-কর্মীরা বলেন, দিলীপকুমার আগরওয়ালা এ আসনের মানুষের ভাগ্য পরিবর্তনে ভোটের মাঠে যুদ্ধ করছে। আমরা তাকে বিজয় করার জন্য মাঠে লড়ে যাচ্ছি। ইনশাল্লাহ বিজয় নিশ্চিত হবে।

এসময় উপস্থিত ছিলেন দোবেন্দ্র নাথ দোবে বাবু লাল, হিরা লাল, নবুল, জনি মেম্বার, আরিফুর রহমান নয়ন, লিটন চৌধুরী, লাভলু চৌধুরী, বিমান, তিতুমীর, হাসিবুল মেম্বার, সুমন, বাবন, আলমগীর, শামীম, আজিজ, ইলা মেম্বার, তুষার, মামুন, শান্তি, আরিফ, বাবু, সোহেল, মাসুদ, মুক্তার, রহিম, মজনু, রকিবুল, আ:রহিম, জ্বালাল প্রমূখ।